16

দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 0 1. 1999 ...
পৃষ্ঠা ... কলাম ......




*ইনকিলাব ঃ গতকাল রাজধানীতে বাংলাদেশ ছাত্র লীগ ব্রাসেলস ক্যাথলিক বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টরেট ডিগ্রী প্রদানের জন্য অভিনন্দন মিছিল বের করে*

# শেখ হাসিনার ডক্টরেট লাভে ছাত্রলীগের অভিনন্দন মিছিল

**প্রেস- বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ ছাত্রলীগের গঠনতান্ত্রিক নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার অব্যাহত বিশ্ব স্বীকৃতির সর্বশেষ সম্মাননা বেলজিয়ামের ক্যাথলিক বিশ্ববিদ্যালয় থেকে একাডেমিক ডক্টরেট ডিগ্রী অর্জনকে অভিনন্দিত করে বাংলাদেশ ছাত্রলীগ শনিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অভিনন্দন মিছিল এবং সমাবেশ করেছে। সমাবেশপূর্ব মিছিলে শেখ হাসিনার জন্য বাংলাদেশ ধন্য প্রভৃতি প্রশংসাসূচক শ্লোগানে বিপুল ছাত্রছাত্রী ক্যাম্পাস প্রদক্ষিণ করে। অপরাজেয় বাংলার পাদদেশে সংগঠনের সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে অনুষ্ঠিত অভিনন্দন সভায় বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনিসুর রহমান; সহসভাপতি সাহাবুদ্দীন ফরাজী, যুগ্ম সম্পাদক লিয়াকত সিকদার, সাংগঠনিক সম্পাদক আশরাফুল আজিম রূপন, আইন বিষয়ক সম্পাদক প্রশান্ত বড়ুয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় সভাপতি সাজ্জাদ হোসেন, ঢাকা নগর (দঃ) সভাপতি মিরাজ হোসেন, ঢা. বি. সাধারণ সম্পাদক একেএম আজিম, ঢাকা নগর (উঃ) সাধারণ সম্পাদক আক্কাছুর রহমান আঁখি প্রমুখ।